

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
সমন্বয় অধিশাখা  
[www.mole.gov.bd](http://www.mole.gov.bd)

বিষয়ঃ দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ সংক্রান্ত  
ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	শাকিলা জেরিন আহমেদ যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ	ভার্চুয়াল প্ল্যাটফর্ম
সভার তারিখঃ	১০ জুন ২০২১
সময়ঃ	দুপুর ১২.০০ ঘটিকায়


সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি বলেন, রাষ্ট্রীয় জীবনে সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধে শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। শুদ্ধাচার প্রতিষ্ঠায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরী। সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) সরাসরি অন্তর্ভুক্ত করা হয়েছে। এক্ষেত্রে অন্যান্য কার্যক্রম সীমিত করে দুর্নীতি প্রতিরোধমূলক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করা হয়েছে। তিনি দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা চূড়ান্তকরণে মন্ত্রণালয়ের সাথে সজ্ঞাতি রেখে দুর্নীতি প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণের বিষয়ে আহবান জানান।

২। সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব জনাব মোঃ মহিদুর রহমান, মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার খসড়া সভায় উপস্থাপন করেন। কর্ম-পরিকল্পনাসমূহ পর্যালোচনায় দেখা যায় দু'একটি ক্ষেত্র ব্যতীত পরিকল্পনা যথাযথ হয়েছে। তবে মন্ত্রণালয়ের কর্ম-পরিকল্পনার আলোকে দুর্নীতি প্রতিরোধমূলক কার্যক্রমসহ কয়েকটি কার্যক্রম সংশোধন/গ্রহণ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়। সেই সঞ্চে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ যথাযথভাবে প্রণয়ন ও বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

- অধিদপ্তর/দপ্তরসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২-এর নির্দেশিকা অনুসরণপূর্বক মন্ত্রণালয়ের সাথে সজ্ঞাতি রেখে দুর্নীতি প্রতিরোধমূলক কার্যক্রম অন্তর্ভুক্ত করে সংশোধন সাপেক্ষে চূড়ান্ত করতে হবে;
- অধিদপ্তর/দপ্তরসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ যথাযথভাবে নির্ধারিত সময়ে বাস্তবায়নপূর্বক মন্ত্রণালয়ে প্রমানকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- দপ্তর/সংস্থার আওতাধীন আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়নে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান এবং মনিটরিং করতে হবে।

৩। পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
১৭/৬/২০২১  
শাকিলা জেরিন আহমেদ  
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)  
ও

শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।